

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৪৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ১৪) সকাল ও সন্ধ্যায় যে সকল আয়াত ও যিকির পাঠ করতে হয় তার প্রতি উৎসাহ দান

الترغيب في آيات وأذكار يقولها إذا أصبح وإذا أمسى

আরবী

(حسن صحيح) عَنْ مُعَاذِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ خُبَيْبٍ عَنْ أَبِيهِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ قَالَ خَرَجْنَا فِي لَيْلَةِ مَطَرٍ وَظُلْمَةٍ شَدِيدَةٍ نَطْلُبُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيُصلِّيَ بِنَا فَأَدْرَكْنَاهُ فَقَالَ " قُلْ " فَلَمْ أَقُلْ شَيْئًا ثُمَّ قَالَ قُلْ شَيْئًا ثُمَّ قَالَ قُلْ اللَّهُ مَا أَقُلْ شَيْئًا ثُمَّ قَالَ قُلْ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا أَقُولُ قَالَ قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ وَالْمُعَوِّذَتَيْنِ حِينَ تُصبِحُ وَحِينَ تُمْسِي ثَلَاثَ مَرَّاتٍ اللَّهِ مَا أَقُولُ قَالَ قُلْ شَيْءٍ. رواه أبو داود واللفظ له والترمذي وقال حسن صحيح غريب ورواه النسائي مسندا ومرسلا

বাংলা

৬৪৯. (হাসান সহীহ) মুআয বিন আবদুল্লাহ বিন খুবাইব থেকে বর্ণিত। তিনি তাঁর পিতা আবদুল্লাহ বিন খুবাইব (রাঃ) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ একদা বৃষ্টিযুক্ত কঠিন অন্ধকার এক রাতে আমরা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে খোঁজ করার জন্য বের হলাম। যাতে তিনি আমাদেরকে নামায পড়ান। তাঁকে আমরা পেয়ে গেলাম। তিনি বললেনঃ "তুমি বল" আমি কিছুই বললাম না। তিনি আবার বললেনঃ "তুমি বল" কিন্তু আমি কিছুই বললাম না। তিনি পুনরায় বললেনঃ "তুমি বল" আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমি কি বলব? তিনি বললেনঃ "কুল হুওয়াল্লাহু আহাদ এবং মুআববেযাতাইন (নাস-ফালাক)।" যখন সন্ধ্যা হবে এবং যখন সকাল হবে তখন তিনবার করে পাঠ করবে। তবে এগুলো সকল বস্তুর (অনিষ্ট) থেকে তোমার জন্য যথেষ্ট হবে।"

(আবু দাউদ ৫০৮২, তিরমিয়ী ৩৫৭৫, নাসাঈ ৫৪২৮ হাদীছটি বর্ণনা করেছেন। হাদীছের বাক্য আবু দাউদ থেকে চয়ন করা হয়েছে। নাসাঈ হাদীছটি মুসনাদ ও মুরসাল উভয়ভাবে বর্ণনা করেন।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন খুবায়ব (রহঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=88520}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন